

প্রধানমন্ত্রীর নির্দেশ

**আদমজীর ছাত্র-ছাত্রীরা দেশের
যে কোন সরকারী স্কুলে
ভর্তির সুযোগ পাবে**

স্টাফ রিপোর্টার : আদমজী পাটকল বন্ধের প্রেক্ষিতে এই মিলের ব্যবস্থাপনায় ও অর্থায়নে পরিচালিত ৬টি স্কুল ও মাদ্রাসায় অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের দেশের যে কোন সরকারী স্কুল ও মাদ্রাসায় ভর্তির ব্যবস্থা গ্রহণ করতে প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া গতকাল শিক্ষা মন্ত্রণালয়ের প্রতি নির্দেশ দিয়েছেন। প্রধানমন্ত্রীর এই নির্দেশের পরিপ্রেক্ষিতে গতকালই শিক্ষা মন্ত্রণালয়ের ২-এর পৃঃ ৫-এর কঃ দেবুন

আদমজীর ছাত্র-ছাত্রী

৮-এর পৃষ্ঠার পর

এক ঘোষণায় বলা হয়েছে, সংশ্লিষ্ট ছাত্রীরা বর্তমানে যেখানে অবস্থান করছেন তার নিকটস্থ যে কোন সরকারী শিক্ষা প্রতিষ্ঠানে স্ব স্ব শ্রেণীতেই তাদের ভর্তি করা হবে। তবে কেউ সরকারী স্কুলে ভর্তি হতে না চাইলে সে পছন্দানুযায়ী যে কোন বেসরকারী স্কুলেও ভর্তি হতে পারবে। দেশের যে কোন বেসরকারী স্কুল বা মাদ্রাসায় ভর্তির ক্ষেত্রে তাদের কোন বাধা নেই। সেই সাথে এসব ছাত্র-ছাত্রীরা ইতিপূর্বে সরকার ঘোষিত কোন বৃত্তি উপবৃত্তি বা বিনা-বেতনে অধ্যয়নের সুযোগ পেয়ে থাকলে তাও তাদের জন্য নতুন শিক্ষা প্রতিষ্ঠানে বহাল রাখা হবে। অপরদিকে নবম-দশম শ্রেণীতে অধ্যয়নরত ছাত্র-ছাত্রীদের বোর্ড পরিবর্তন কিংবা রেজিস্ট্রেশন সংক্রান্তও কোন সমস্যা থাকবে না। এ ব্যাপারেও তাদের ছাড় দেয়া হয়েছে। তারা নতুন স্কুল বা মাদ্রাসা থেকেই এসএসসি ও দাখিল পরীক্ষা দিতে পারবে।

উল্লেখ্য, আদমজী জুটমিলের পরিচালনাধীন আদমজী বয়েজ হাই স্কুল, আদমজী গার্লস হাই স্কুল, আদমজী শ্রমিক কল্যাণ হাই স্কুল, আদমজী ইসলামিয়া মাদ্রাসাসহ ৬টি শিক্ষা প্রতিষ্ঠানে সর্বমোট প্রায় ছয় হাজার ছাত্র-ছাত্রী অধ্যয়ন করে আসছিল। এসব শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারীরা নতুন নীতিমালা অনুযায়ী গোল্ডেন হ্যাভশেকের আওতায় বিদায় নেবেন অথবা তাদের অন্যত্র চাকরির ব্যবস্থা করা হবে। এদিকে আদমজীর পর শীঘ্রই আরো কিছু সরকারী মালিকানাধীন পাটকল বন্ধ করা হচ্ছে বলে একটি মহল থেকে যে খবর রটানো হচ্ছে সে সম্পর্কে প্রধানমন্ত্রীর কার্যালয় হতে জানানো হয়েছে, এটি সম্পূর্ণ ভিত্তিহীন। আপাতত আর কোন রাষ্ট্রীয় মালিকানাধীন পাটকল বন্ধের কোন পরিকল্পনা সরকারের নেই। তাছাড়া আদমজী ছাড়া আর কোন পাটকলের শ্রমিক-কর্মচারীদের জন্য গোল্ডেন হ্যাভশেকের অর্থও বরাদ্দ করা হয়নি।